ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৬২৭

মোহনপুর,২৯ আগস্ট,২০২৫

# উন্নয়ন কর্মকান্ডের দরুন গ্রামীণ এলাকার চিত্র ক্রমেই পাল্টাচ্ছে : শিল্প ও বাণিজ্য রাষ্ট্রমন্ত্রী

উন্নয়ন কর্মকান্ডের দরুন গ্রামীণ এলাকার চিত্র ক্রমেই পাল্টাচ্ছে। গ্রামের বিভিন্ন বিদ্যালয়েও মাধ্যমিক পরীক্ষায় পাশের হার ১০০ শতাংশ হচ্ছে, যা একসময় ভাবাই যেতো না। আজ হেজামারা ব্লকের শানখলা বাজারে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার শানখলা শাখার উদ্বোধন করে শিল্প ও বাণিজ্য দপ্তরের রাষ্ট্রমন্ত্রী বৃষকেতু দেববর্মা একথা বলেন। তিনি বলেন, ব্যাঙ্কের এই শাখাটি খোলার মধ্য দিয়ে এলাকাবাসীর দীর্ঘদিনের দাবি পূরণ হলো। তিনি ব্যাঙ্কের এই শাখাটির পরিষেবা গ্রহণ করার জন্য এলাকাবাসীদের প্রতি আহ্বান জানিয়েছেন। শিল্প ও বাণিজ্য দপ্তরের রাষ্ট্রমন্ত্রী বলেন, রাজ্য ও কেন্দ্রীয় সরকারের উন্নয়নমূলক কাজের ফলে বিভিন্ন অংশের মানুষ উপকৃত হচ্ছেন। গ্রামীণ এলাকার স্বাস্থ্য ব্যবস্থা, রাস্তাঘাট ইত্যাদির ব্যাপক উন্নতি ঘটেছে। ব্যবসা বাণিজ্যের জন্য বিভিন্ন বাজারে মার্কেট স্টল খোলা হয়েছে।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন এস.বি.আই.-এর রিজিওনাল ম্যানেজার তমাল কিশোর দেববর্মা। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন এস.বি.আই.-এর শানখলা ব্রাঞ্চের ম্যানেজার প্রশান্ত দেববর্মা। অনুষ্ঠানে বিশিষ্ট ব্যক্তিদের মধ্যে উপস্থিত ছিলেন এডিসির কার্যনির্বাহী সদস্য (শিক্ষা) রবীন্দ্র দেববর্মা, পশ্চিম জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার, হেজামারা সাব জোনালের চেয়ারম্যান পরিতোষ দেববর্মা, এস.বি.আই.-এর ডেপুটি জেনারেল ম্যানেজার অজিত কুমার পোদ্দার প্রমুখ। অনুষ্ঠানে অতিথিগণ ৭ জন সুবিধাভোগীর হাতে কৃষি ঋণের অনুমোদনপত্র তুলে দেন।

*****